



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিভাগীয় উপপরিচালকের কার্যালয়
প্রাথমিক শিক্ষা
বরিশাল বিভাগ, বরিশাল।

Website: www.dpe.barisaldiv.gov.bd

নম্বর: ৩৮.০১.১০০০.০০০.০০০.০৮.০০০৪.২৪.২৪৮

তারিখ: ২৮ বৈশাখ ১৪৩২ বঙ্গাব্দ
১১ মে ২০২৫ খ্রিস্টাব্দ

অফিস আদেশ

বরিশাল বিভাগাধীন বরিশাল জেলার জেলা প্রাথমিক শিক্ষা অফিসারের প্রস্তাবের প্রেক্ষিতে নিম্নবর্ণিত শিক্ষকে তাঁর নামের পার্শ্বে উল্লিখিত দেশে বর্ণিত কারণে গমন ও অবস্থানের অনুমতি প্রদানসহ নির্ধারিত ছুটি বিধিমালা ১৯৫৯ এর বিধি ৩ (১) (iii) অনুযায়ী অর্ধগড় বেতনে বহি: বাংলাদেশ অর্জিত ছুটি নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে মঞ্জুর করা হলো।

ক্রমিক নং	শিক্ষকের নাম, পদবি, ঠিকানা ও পাসপোর্ট নম্বর	ভ্রমণের সময়কাল	ভ্রমণের উদ্দেশ্য	যে দেশে ভ্রমণ করবেন।
০১	মিজ বিনতা বিশ্বাস, সহকারী শিক্ষক, মধ্য কুড়ুলিয়া সরকারি প্রাথমিক বিদ্যালয়, উজিরপুর, বরিশাল। A18333501	০১-০৬-২০২৫ থেকে ৩০-০৬-২০২৫ তারিখ পর্যন্ত অথবা যাত্রার তারিখ থেকে ৩০ (ত্রিশ) দিন।	নিজের উন্নত চিকিৎসার জন্য	ভারত

শর্তাবলী:

- আবেদনকারীর ছুটির হিসাবে ছুটি পাওনা থাকতে হবে;
- ছুটিতে যাওয়ার পূর্বে সংশ্লিষ্ট ক্লাস্টারের সহকারী উপজেলা/ থানা শিক্ষা অফিসার এবং উপজেলা/থানা শিক্ষা অফিসারকে অবহিত করতে হবে;
- বর্ণিত শিক্ষক বাংলাদেশে প্রত্যাবর্তনের পরে অনতিবিলম্বে সংশ্লিষ্ট ক্লাস্টারের সহকারী উপজেলা/ থানা শিক্ষা অফিসার এবং উপজেলা/ থানা শিক্ষা অফিসারের নিকট রিপোর্ট করবেন;
- বিদেশ গমন ও অবস্থানের জন্য সরকারের উপর কোন আর্থিক দায়-দায়িত্ব বর্তাবে না;
- তিনি ছুটিকালীন সময়ের বেতন ভাতাদি বাংলাদেশী মুদ্রায় প্রাপ্য হবেন;
- তিনি নির্ধারিত সময়ের অতিরিক্ত সময় বিদেশে অবস্থান করতে পারবেন না;
- অনুমোদিত বহি:বাংলাদেশ ছুটি পরবর্তী অননুমোদিত অনুপস্থিতির জন্য তিনি কোন বেতন-ভাতাদি প্রাপ্য হবেন না;
- অনুমোদিত ছুটি ভোগের পরে নির্ধারিত সময়ের মধ্যে কর্মস্থলে যোগদান করতে ব্যর্থ হলে তাঁর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১১-০৫-২০২৫
নিলুফার ইয়াসমিন
উপপরিচালক

নম্বর: ৩৮.০১.১০০০.০০০.০০০.০৮.০০০৪.২৪.২৪৮/১ (৬)

তারিখ: ২৮ বৈশাখ ১৪৩২ বঙ্গাব্দ
১১ মে ২০২৫ খ্রিস্টাব্দ

অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- জেলা প্রাথমিক শিক্ষা অফিসার (চলতি দায়িত্ব), জেলা প্রাথমিক শিক্ষা অফিসারের কার্যালয়, জেলা প্রাথমিক শিক্ষা অফিস, বরিশাল।
- উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার, উজিরপুর, বরিশাল (মঞ্জুরীকৃত ছুটি শিক্ষকের চাকুরী বহিতে লিপিবদ্ধ করার অনুরোধসহ)।

৩। উপজেলা হিসাবরক্ষণ অফিসার, উজিরপুর, বরিশাল।

৪। ইমিগ্রেশন অফিসার, হযরত শাহজালাল বিমান বন্দর, ঢাকা/ বেনাপোল স্থল বন্দর, যশোর/।

৫। জনাব মো: আতিকুর রহমান, কম্পিউটার অপারেটর, অত্র দপ্তর (আদেশটি ওয়েবসাইটে প্রকাশ করার জন্য বলা হলো)।

৬। মিজ বিনতা বিশ্বাস, সহকারী শিক্ষক, মধ্য কুড়ুলিয়া সরকারি প্রাথমিক বিদ্যালয়, উজিরপুর, বরিশাল।



A handwritten signature in blue ink, appearing to read 'নিলুফার ইয়াসমিন'.

১২-০৫-২০২৫
নিলুফার ইয়াসমিন
উপপরিচালক